



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা



আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ ২০২৪ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদার সাথে পালনের লক্ষ্য^১
পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	নাজমুল আহসান
সচিব	
সভার তারিখ	১৪ মার্চ ২০২৪
সভার সময়	বেলা: ১২:০০ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিতি কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্মৃতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। একই সাথে মহান স্বাধীনতা যুদ্ধে শহীদ ও জীবিত সকল বীর মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি রাষ্ট্রীয় সকল গুরুত্বপূর্ণ দিবসসমূহ যথাযথভাবে উদ্যাপনের বিষয়ে গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ ২০২৪ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন বিষয়ক সভায় গৃহীত কর্মসূচিসমূহ পাঠ করে শুনানো হয়। সভায় আগামী ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্য বিস্তারিত আলোচনা হয়।

০২। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়:

ক্র.	তারিখ	কর্মসূচি	বাস্তবায়নে
১.	২৫ মার্চ ২০২৪ (রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত)	পানি সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থাসমূহে ২৫ মার্চ ২০২৪ (রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) প্রতীকি ইলেক্ট্রনিক-আউট পালন করবে (কেপিআই ব্যূটীত)।	সকল সংস্থা
২.	২৬ মার্চ ২০২৪ (সুর্যোদয়ের সাথে সাথে)	সকল দণ্ডের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিসসমূহে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।	সকল সংস্থা
৩.	২৬ মার্চ ২০২৪ সকাল ১১.০০	পানি ভবন চতুরে নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যরাল শুভ উদ্বোধন।	পাসম, বাপাটুরো
৪.	২৬ মার্চ ২০২৪ সকাল ১১.৩০	পানি ভবনের মাল্টিপারপাস অডিটরিয়ামে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন" বিষয়ক আলোচনা সভা।	পাসম ও সকল সংস্থা
৫.	২৬ মার্চ ২০২৪ (দুপুর ২.০০)	পানি সম্পদ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন ঢাকাস্থ সংস্থাসমূহের প্রতিনিধিগণ কর্তৃক জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ।	পাসম ও সকল সংস্থা
৬.	২৬ মার্চ ২০২৪ (সুবিধাজনক সময়ে)	জাতির শান্তি, সমৃদ্ধি দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে সংস্থাসমূহ ও তাদের মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক স্ব-স্ব ধর্মীয় প্রতিষ্ঠানে দোয়া/মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে।	বাপাটুরো
৭.	২৬ মার্চ ২০২৪ (সক্যা থেকে)	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনায় আলোকসজ্জা করতে হবে। (কোনক্রমেই ২৫/০৩/২০২৪ তারিখ আলোকসজ্জা করা যাবে না)।	সংশ্লিষ্ট সকল সংস্থা

৮.	২৬ মার্চ ২০২৪	মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের মাঠ পর্যায়ের অফিসসমূহ সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।	বাপাউবোর মাঠ পর্যায়ের দপ্তরসমূহ
----	---------------	---	--

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



নাজমুল আহসান
সচিব


স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৭৪.১৭.২০৩

তারিখ: ৫ চৈত্র ১৪৩০

১৯ মার্চ ২০২৪

বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নথি) :

- ১)১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
- ৩) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৫) নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
- ৬) নির্বাহী পরিচালক, আইডিলিউএম, উত্তরা, ঢাকা।
- ৭) সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়



সুজিত হাওলাদার
উপসচিব